অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/15/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল গাড়ি চুরির বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নিতে টার্গেটকৃত কর্ম পরিকল্পনা উন্মোচন করেছেন

ব্যাপক মাত্রার অটো-চুরি কমানোর কৌশল নিউ ইয়র্ক স্টেটের কাউন্টিগুলোতে গাড়ি চুরি কমাতে সহায়তা করবে

পাঁচ দফা পরিকল্পনায় স্থানীয় আইন প্রয়োগ ও প্রতিরোধ প্রচেষ্টাকে সহায়তার জন্য 55 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত রয়েছে

নিউ ইয়র্ক স্টেট পুলিশ ক্রাইম অ্যানালাইসিস সেন্টারের সাথে স্থানীয় আইন প্রয়োগকারীকে এবং তদন্তের ক্ষেত্রে নিউ ক্রাইম ফাইটিং ড্যাসবোর্ডকে সহায়তার জন্য এনফোর্সমেন্ট প্রচেষ্টা ও ক্রিমিনাল জাস্টিস সার্ভিস বৃদ্ধি করবে

অসহায় গাড়ির মালিকদের উপর দৃষ্টি নিবদ্ধ করে পাবলিক মেসেজিং প্রচারাভিযান চালু করে যা তাদের চুরি বিরোধী ব্যবস্থা ইনস্টল করতে উৎসাহিত করে, এখানে 440,000 Kia এবং Hyundai মালিকদের প্রতি DMV এর চিঠিটি দেখুন এখানে

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্টেটের কাউন্টিতে অনেক সংখ্যক গাড়ি চুরি, বিশেষ করে কিছু Kia এবং Hyundai মডেলের গাড়ি চুরির বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ করার জন্য একাধিক পরিকল্পিত পদক্ষেপের ঘোষণা করেছেন যাকে কমপ্রিহেন্সিভ অটো-থিফ রিডাকশন স্ট্রাটেজি, CARS বলা হয়। রচেস্টার শহরের পাবলিক সেফটি বিল্ডিংয়ে নির্বাচিত কর্মকর্তা, স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থা এবং স্টেটের মোটর যান বিভাগের কমিশনার মার্ক জে.এফ. শ্রোডারের সাথে গভর্নর এই ঘোষণা প্রদান করেন। যেহেতু স্টেট জুড়ে সহিংস অপরাধ ক্রমাগত কমে আসছে তাই এই পদক্ষেপগুলো মনরো, ইরি, নায়াগ্রা এবং অন্যান্য কাউন্টিতে গাড়ি চুরি কমাতে উল্লেখযোগ্য সহায়তা প্রদান করবে যারা এই সমস্যাটি অনুভব করে চলেছে এবং স্থানীয় আইন প্রয়োগকারীর জন্য স্ট্রিমলাইন সহায়তা প্রদান করবে। এই পদক্ষেপগুলোর মধ্যে রয়েছে আইন প্রয়োগকারী প্রযুক্তি এবং যন্ত্রপাতির জন্য ফার্স্ট ট্র্যাকিং 50 মিলিয়ন মার্কিন ডলার, কিশোর এবং প্রাপ্তবয়স্ক তরুণ-তরুণীদের জন্য ইয়ুথ জাস্টিস অল্টারনেটিভ এবং ডাইভারশন প্রোগ্রামিং উন্নত করতে 5 মিলিয়ন মার্কিন ডলার, স্টেট পুলিশ ও ক্রিমিনাল জাস্টিস পরিষেবা বিভাগকে নতুন প্রয়োগের প্রচেষ্টা বাস্তবায়নের নির্দেশনা, গাড়ি চুরি এবং অন্যান্য অপরাধের বিচারে স্থানীয়

ডিস্ট্রিক্ট অ্যাটর্নিদের সহায়তা করা এবং অসহায় গাড়ির মালিকদের টার্গেট করে একটি পাবলিক এনগেজমেন্ট ক্যাম্পেইন চালু করা।

"আমি সেখানে সমস্ত গাড়ি চোরদের বিষয়ে জানতে চাই: আপনি রাস্তার শেষ প্রান্তে পৌঁছেছেন," **গভর্নর হোকল বলেন**। "আমার সর্বোচ্চ অগ্রাধিকার সব সময় নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখা এবং আজ আমরা গাড়ি চুরি বৃদ্ধির বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণের জন্য একটি নতুন, বড় পরিসরের কৌশল চালু করছি। অনেক নিউ ইয়র্কবাসী একটি খালি ড্রাইভওয়েতে জেগে ওঠার শক অনুভব করেছেন বা তাদের সবচেয়ে মূল্যবান সম্পদের একটিকে হারিয়ে যেতে দেখে কষ্ট পেয়েছেন ঠিক এই কারণেই আমরা স্থানীয় আইন প্রয়োগকারীকে এই চুরির বিচার ও প্রতিরোধ করতে সহায়তা করছি এবং গাড়ির মালিকরা তাদের যানবাহন সুরক্ষিত করার জন্য উপযুক্ত পদক্ষেপ নিচ্ছে সেটা নিশ্চিত করছি।"

নিউ ইয়র্ক স্টেটের মোটর যান বিভাগের কমিশনার মার্ক জে.এফ. শ্রোডার বলেন, "একটি গাড়ি একটি খেলনা নয়। এটি কারো কারো কাছে একটি বাড়ি কেনার পরের সবচেয়ে ব্যয়বহুল এবং গুরুত্বপূর্ণ ক্রয়গুলোর মধ্যে একটি হতে পারে। কারো চিন্তা করার দরকার নেই যে তাদের বাড়ির কাছে পার্ক করা গাড়িটি কয়েক সেকেন্ডের মধ্যে চুরি হয়ে যেতে পারে এবং তারা অনলাইনে দেখেছে এমন কিছুর কারণে কেউ গুরুতর আহত বা তাদের জীবন হারানোর বিষয়ে তাদের চিন্তা করতে হবে না। আমরা এই ইস্যুতে গভর্নরের নেতৃত্বের প্রশংসা করি এবং তার পরিকল্পনা অনুসারে, আমরা এই যানবাহনের মালিকদের এই চুরি প্রতিরোধ করতে এবং নিজেদের এবং অন্যদের রক্ষা করার জন্য ব্যবস্থা নিতে অবহিত করব।"

ডিভিসন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিস কমিশনার রোসানা রোসাডো বলেন, "অটো চুরি রোধ করার অর্থ হলো সমস্যাটি সমাধানের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করা। আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই কারণ তিনি শুধু সমস্যাটির উপর একটি ব্যান্ড এইড করা নয়, এটি সমাধান করার জন্য এই বিস্তারিত পরিকল্পনা প্রণয়ন করার জন্য। ডিভিসন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিস (DCJS) একটি প্রতিশ্রুতিবদ্ধ অংশীদার এই প্রচেষ্টার সমর্থনে তার রিসোর্সগুলোকে ধার দিতে প্রস্তুত যাতে নিউ ইয়র্কবাসীরা তাদের আশেপাশে এবং বাড়িতে নিরাপদ বোধ করেন।"

2020 ও 2021 সালে মহামারীর কঠিন সময়ে দেশে দুটি অপরাধ বৃদ্ধি পেয়েছে: বন্দুক সহিংসতায় সম্পর্কিত খুন (+35 শতাংশ) এবং গাড়ি চুরি (+101 শতাংশ)। শক্তিশালী ফেডারেল, স্টেট এবং স্থানীয় অংশীদারিত্বের মূলে থাকা লক্ষ্যবস্তু এবং প্রমাণ-পরিচালিত আইন, নীতি এবং বাজেটের কৌশলগুলোর মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট 2017 থেকে 2019 সালে রিপোর্ট করা ইতিহাসে খুন এবং বন্দুক সহিংসতাকে কমিয়ে এনেছে। নিউ ইয়র্ক সিটিতে গুলোবর্ষণের ঘটনা বছরে 26 শতাংশ কমেছে এবং স্টেটের অর্থায়নে বন্দুক সহিংসতা নির্মূল উদ্যোগের এখতিয়ার, 2022 সালের একই সময়ের তুলনায় এই বছরের আগস্টের মাঝামাঝি পর্যন্ত বন্দুক সহিংসতা 25 শতাংশ হ্রাস পেয়েছে এবং মারাত্মক সহিংসতা 35 শতাংশ কমেছে।

যাইহোক, গাড়ি চুরি ক্রমাগত বৃদ্ধি পেয়েছে, প্রাথমিকভাবে ক্যাটালিস্টিক কনভার্টার চুরির বৃদ্ধির মাধ্যমে এটা পরিচালিত হচ্ছে। 2022 সালের অক্টোবরে, গভর্নর হোকল সেই চুরির বিরুদ্ধে

ব্যবস্থা নেওয়ার ঘোষণা করেছিলেন, যেগুলো কমে গেছে। এই বছর, নির্বাচিত কাউন্টিতে গাড়ি চুরির ঘটনা ঘটছে - ইরি, মনরো এবং নায়াগ্রা, সেইসাথে নিউ ইয়র্ক সিটির কিছু অংশে - ভাইরাল সোশ্যাল মিডিয়া পোস্টের মাধ্যমে তরুণ-তরুণীদের দেখানো হয়েছে কিভাবে Kias ও Hyundai চুরি করা যায়।

2023 সালের প্রথম সাত মাসে, মনরো কাউন্টিতে 345 শতাংশ গাড়ি চুরি বেড়েছে, যা দেশের সবচেয়ে বড় চুরির ঘটনা বৃদ্ধি এবং গত বছরের একই সময়সীমার তুলনায় ইরি কাউন্টিতে 213 শতাংশ। এই দুটি কাউন্টি নিউ ইয়র্ক সিটির বাইরে প্রায় দুই-তৃতীয়াংশ গাড়ি চুরির জন্য দায়ী, যার বেশিরভাগই রচেস্টার (+829 শতাংশ) এবং বাফেলো (+488 শতাংশ) শহরে ঘটে। তুলনা করলে বোঝা যায় রাজধানী অঞ্চল এবং সাফোক কাউন্টিতে গাড়ি চুরির ঘটনা 11 শতাংশ কমেছে; সাউদার্ন টিয়ার এবং হাডসন ভ্যালিতে 24 শতাংশ; এবং উত্তর কাউন্টি এবং মোহাক ভ্যালিতে 50 শতাংশেরও বেশি। নিউ ইয়র্ক সিটিতে, ব্রঙ্কস (+37 শতাংশ) এবং নর্দার্ন কুইন্স (+45 শতাংশ) এর সাথে সাথে গাড়ি চুরির ঘটনা 20 শতাংশ বেড়েছে। নিউ ইয়র্ক সিটিতে জুলাই 2023 সালে 1,499টি মোটর গাড়ি চুরির ঘটনা ঘটেছে, যেগুলোর অর্ধেক এই দুটি বরোতেই ঘটেছে।

গভর্নর হোকল এই অতি মাত্রায় বৃদ্ধির ঘটনাগুলো সমাধানের জন্য স্থানীয় আইন প্রয়োগকারীকে উল্লেখযোগ্য সহায়তা প্রদানের জন্য কমপ্রিহেন্সিভ অটো-থেফট রিডাকশন স্ট্রাটেজি (Comprehensive Auto-Theft Reduction Strategy, CARS) ঘোষণা করেছেন:

আইন প্রয়োগকারী প্রযুক্তি ও যন্ত্রপাতির জন্য 50 মিলিয়ন মার্কিন ডলার

গভর্নর হোকল গতবারের শরতকালে অপরাধ প্রতিরোধ, কমিয়ে আনা এবং সমাধানে সহায়তা করার পাশাপাশি কমিউনিটির মধ্যে আস্থা তৈরি করতে আইন প্রয়োগকারী প্রযুক্তি এবং সরঞ্জামের জন্য 20 মিলিয়ন মার্কিন ডলারের প্রাথমিক প্রতিশ্রুতি ঘোষণা প্রদান করেছিলেন। DCJS তাদের কমিউনিটির মধ্যে জননিরাপত্তা উন্নত করার জন্য তাদের প্রয়োজনীয় প্রযুক্তির ধরনের বিষয়ে পুলিশ বিভাগ এবং শেরিফদের অফিস থেকে প্রতিক্রিয়া গ্রহণের জন্য তথ্যের জন্য অনুরোধ (request for information, RFI) চালু করেছে। DCJS অন্যান্য পাবলিক নিরাপত্তা সরঞ্জাম এবং প্রযুক্তির মধ্যে লাইসেন্স প্লেট রিডার, মোবাইল এবং ফিক্সড পাবলিক ক্যামেরা সিস্টেম, কম্পিউটার-এডেড ডিসপ্যাচ সিস্টেম এবং যোগাযোগ সফটওয়্যার সহ সরঞ্জামগুলোর জন্য 44 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অনুরোধ পেয়েছে।

গভর্নর হোকল এই বছরের শুরুর দিকে এই চিহ্নিত প্রয়োজনগুলো সম্পূর্ণরূপে অর্থায়নের জন্য অর্থ বছর 24 সালের বাজেটে 50 মিলিয়ন মার্কিন ডলার সুরক্ষিত করেছিলেন। এখন, DCJS আইন প্রয়োগকারী সংস্থাগুলোকে গাড়ি চুরি এবং অন্যান্য অপরাধের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নিতে সহায়তা করার জন্য সেই অর্থের প্রাপ্যতাকে ত্বরান্বিত করবে, যাতে আইন প্রয়োগকারী সংস্থাগুলোকে সহজেই সরঞ্জাম এবং প্রযুক্তির জন্য তহবিল সুরক্ষিত করতে পারে। তহবিলের অর্থ রোলিং ভিত্তিতে বিতরণ করা হবে এবং গাড়ি চুরি এবং অন্যান্য অপরাধের সর্বাধিক অনুপাত সহ কাউন্টির মধ্যে এজেন্সিসমূহের জন্য অগ্রাধিকার দেওয়া হবে। আইন প্রয়োগকারী এজেন্সিগুলোর প্রাথমিক অনুরোধগুলোর বিশ্লেষণের ভিত্তিতে যে কাউন্টিগুলোতে এই বছর গাড়ি চুরির ঘটনা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে - ইরি, মনরো এবং নায়াগ্রা - সেই

কাউন্টিগুলো নতুন প্রযুক্তি এবং সরঞ্জামগুলোর জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত পেতে পারে।

ইয়ুথ জাস্টিস অলটারনেটিভ এবং ডাইভারশন প্রোগ্রামিং উন্নত করতে 5 মিলিয়ন মার্কিন ডলার

TikTok এর মতো সোশ্যাল মিডিয়ায় পোস্ট করা ভাইরাল ভিডিওগুলোর দ্বারা গাড়ি চুরির ঘটনাকে উত্সাহিত করা হয়েছে, যা তরুণ-তরুণীদেরকে নির্দিষ্ট কিছু মডেলের গাড়ি কিভাবে চুরি করতে হয় তা দেখিয়ে দেয় কিন্তু ক্রমাগত বাধাগুলোর কারণে মহামারীটি ফৌজদারি বিচারের প্রতিক্রিয়া এবং প্রতিরোধ প্রচেষ্টা তৈরি করেছিল। কমিউনিটিতে আইন প্রয়োগকারী সংস্থাগুলো সবচেয়ে বড় চুরির ঘটনাগুলো রিপোর্ট করেছিল যেখানে উল্লেখ করা হয়েছে যে কিশোর এবং প্রাপ্তবয়স্ক তরুণ-তরুণীদের 13 থেকে 24 বছর বয়সীদের এই ধরনের চুরির ঘটনার সাথে সম্পৃক্ত থাকার অভিযোগে প্রায়ই গ্রেফতার করা হয়েছে। এই ব্যক্তিরা প্রায়শই একটি সংগঠিত গ্রুপ বা ক্রুর সাথে সম্পৃক্ত থাকে। এই পরিকল্পনাটি যারা পুলিশ ও ফৌজাদারি বিচার ব্যবস্থার ঝুঁকিতে রয়েছে অথবা তাদের সাথে যোগাযোগ করছে এসন কিশোর ও তরুণ-তরুণী প্রাপ্তবয়স্কদের লক্ষ্য করে কৌশলগুলোর বিষয়ে মনোনিবেশ করবে।

তরুণ-তরুণীদের সম্পত্তি বিষয়ে জড়িত অপরাধের এই বৃদ্ধি মোকাবেলা করার জন্য, গভর্নর হোকল যুব ইয়ুথ জাস্টিস অলটারনেটিভ এবং ডাইভারশন প্রোগ্রাম ও পরিষেবাগুলো উন্নত করতে 5 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বরাদ্দ করেছেন। মোটর গাড়ি ও অন্যান্য সম্পত্তি চুরির অপরাধ, যেমন ইরি, মনরো ও নায়াগ্রার সাথে জড়িত তরুণ-তরুণীদের বৃদ্ধিতে রিপোর্ট করছে এমন কাউন্টি ও সংলগ্ন কাউন্টির জন্য তহবিলকে অগ্রাধিকার দেওয়া হবে। এই বিনিয়োগটি DCJS এবং শিশু ও পরিবার পরিষেবা অফিস (Office of Children and Family Services, OCFS) এর কাছে প্রতিশ্রুতিবদ্ধ প্রযুক্তিগত সহায়তার সাথে যুক্ত করা হবে যাতে স্থানীয় সরকার ও কমিউনিটি-নির্ভর সংগঠনসমূহ এই তরুণ-তরুণীদের জীবনে হস্তক্ষেপ করতে পারে, তাদের চিন্তাভাবনা ও আচরণ পরিবর্তন করতে এবং ইতিবাচক বিকাশকে উৎসাহিত করতে সহায়তা করে।

সম্পত্তি অপরাধের সাথে জড়িত তরুণ-তরুণীদের জন্য প্রমাণ-ভিত্তিক হস্তক্ষেপ ও সিস্টেমে জড়িত হওয়ার ঝুঁকিতে থাকা তরুণ-তরুণীদের জন্য প্রাথমিক প্রতিরোধের উপর দ্বৈত ফোকাস সহ এই স্কুল বহির্ভূত সময়ের কর্মসূচিগুলোতে জবাবদিহি ও বয়স ভিত্তিক উপযুক্ত সুযোগগুলো প্রদান করার জন্য পরিকল্পনা করা হবে - যেমন পুনরুদ্ধারমূলক ন্যায়বিচার অনুশীলন, সৃজনশীল শিল্পকলা, অ্যাথলেটিক্স ও দক্ষতা বিকাশ - যা তাদের শিক্ষাগত সাফল্য ও বয়সের উপর নির্ভর করে স্নাতক বা কর্মসংস্থানের দিকে পরিচালিত করবে।

গাড়ি চুড়ি মোকাবেলা করতে এবং স্থানীয় অংশীদারদের সহায়তা করতে বাধ্যবাধকতা ও ডেটা শেয়ারিং বৃদ্ধি

নিউ ইয়র্ক স্টেট পুলিশ এন্ড ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস বিভাগ (Division of Criminal Justice Services, DCJS) নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোটর গাড়ি চুরি মোকাবিলা করতে স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলোকে যে সব সহায়তা প্রদান করে সেগুলো আরো বৃদ্ধি করবে।

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট পুলিশকে আইন প্রয়োগে জোরদার করতে, আন্তঃস্টেট সমন্বয় বৃদ্ধি করতে এবং যেসব এলাকায় চুরির হার অত্যন্ত বেশি সেসব এলাকায় আইন প্রয়োগকারী সংস্থার সাথে অংশীদার হওয়ার নির্দেশ দিয়েছেন। স্টেট মোটর গাড়ি বিভাগের সাথে সমন্বয় করে স্টেট পুলিশ স্থানীয়, স্টেট ও ফেডারেল আইন প্রয়োগকারী সংস্থার সাথে বিদ্যমান অংশীদারিত্বকে কাজে লাগিয়ে যেসব এলাকায় চুরির হার অত্যন্ত বেশি সেসব এলাকায় এবং স্টেটের মহাসড়কে তদন্ত এবং দমন অভিযান বৃদ্ধি করবে, যা সফল মাল্টি-স্টেট গান ট্র্যাফিকিং টাস্ক ফোর্সের কাজকে প্রতিফলিত করবে।

স্টেট পুলিশ বাফেলো ও ইরি কাউন্টি এবং রচেস্টার ও মনরো কাউন্টিতে প্রয়োগ ও তদন্তমূলক প্রচেষ্ঠায় সহায়তা করার জন্য কমিউনিটি স্ট্যাবিলাইজেশন ইউনিট মোতায়ন করবে এবং সিটি ও কাউন্টি এজেন্সিগুলোকে হাইওয়ে এবং বিমান সহায়তা অব্যাহত রাখবে।

এছাড়াও, DCJS ক্রাইম অ্যানালাইসিস সেন্টার নেটওয়ার্ক ও নিউ ইয়র্ক স্টেট ইন্টেলিজেন্স সেন্টার (New York State Intelligence Center, NYSIC), স্টেট পুলিশ কর্তৃক পরিচালিত, স্থানীয় অংশীদারদের সাথে অত্যাধুনিক ম্যাপিং এবং অন্যান্য অনুসন্ধানী প্রযুক্তিগুলোকে সংহত করা এবং শেয়ার করা অব্যাহত রাখবে। বর্তমানে, ইরি, মনরো ও নায়াগ্রা কাউন্টিতে স্টেট-সমর্থিত অপরাধ বিশ্লেষণ কেন্দ্রগুলো অপরাধ বিশ্লষকদের নিবেদিত করছে এবং প্রয়োগে সহায়তা করার জন্য নমুনা ও সন্দেহভাজনদের সনাক্ত করতে, মোটর গাড়ির চুরি ট্রাক, মানচিত্র এবং বিশ্লেষণ করার জন্য নির্দিষ্ট সফটওয়্যার স্থাপন করেছে। একটি নতুন ড্যাশবোর্ড - MVTRAC [মোটর যানবাহন চুক্তি, পুনরুদ্ধার ও সহযোগিতা (Motor Vehicle Theft, Recovery and Collaboration] - নেটওয়ার্ক এবং NYSIC এর সকল 11টি কেন্দ্রে স্থাপন করা হবে। ড্যাশ বোর্ডটি বিশ্লেষক ও আইন প্রয়োগকারী কর্মীদের চুরির অবস্থান, পুনরুদ্ধারের অবস্থান ও সন্দেহজনক তথ্যের সম্ভাবতা যাচাই করতে এবং সংযুক্ত করতে স্থানীয় ও স্টেট ডেটা ব্যবহার করার অনুমতি প্রদান করবে। 2024 অর্থ বছরের বাজেট নেটওয়ার্কের জন্য রেকর্ড পরিমাণ মূলধন সরবরাহ করেছে এবং এই মূলধন -- প্রতি বছর প্রায় 17 মিলিয়ন মার্কিন ডলার -- যা এই কার্যকরী প্রয়োগ কৌশলের উন্নয়নে সহায়ক হবে।

গাড়ি চুরির বিচারগুলো জোরদার করা

ইরি ও মনরো কাউন্টিতে মহামারী চলাকালীন সময়ে গাড়ি চুরির বিষয়ে গ্রেপ্তারের প্রবণতা ব্যাপকভাবে অবণতি হয়েছে। 2024 অর্থ বছরের বাজেটে অতিরিক্ত মূলধন প্রদান করা হয়েছে (62টি ডিস্ট্রিক্ট অ্যাটর্নি অফিসের জন্য প্রসিকিউশন তহবিলে 52 মিলিয়ন মার্কিন ডলার এবং ডিসকভারি সংস্কার বাস্তবায়নে সহায়তা করার জন্য 40 মিলিয়ন মার্কিন ডলার)। ইরি ও মনরো কাউন্টিতে ডিসকভারি মূলধনে 3.9 মার্কিন ডলার এবং 2.6 মিলিয়ন মার্কিন ডলার এবং প্রসিকিউশনের জন্য 2.8 মিলিয়ন মার্কিন ডলার ও 1.9 মিলিয়ন মার্কিন ডলার সহায়তা পাচ্ছে। ন্যায্য ও দ্রুত ন্যায়বিচার প্রদানের প্রচেষ্ঠায় সহায়তা করার জন্য আমরা সংশ্লিষ্ট ডিস্ট্রিক্ট অ্যাটর্নিদের সাথে অবিরত কাজ চালিয়ে যাব।

এই অপরাধগুলোর কার্যকর বিচার নিশ্চিত করার জন্য স্টেট, আমাদের আইনপ্রয়োগকারী অংশীদারদের ও আমাদের ডিস্ট্রিক্ট অ্যাটর্নিদের মধ্যে সহযোগিতা সর্বাধিক গুরুত্বপূর্ণ। গভর্নর হোকল নিউ ইয়র্কের ডিস্ট্রিক্ট অ্যাটর্নি অ্যাসোসিয়েশন, গাড়ি চুরির সর্বোচ্চ কাউন্টিগুলোর DA

সমূহ এবং অন্যান্য আইন প্রয়োগকারী কর্মকর্তাদের সাথে একটি আন্তঃসংস্থা টাক্সফোর্স গঠন করবেন যাতে অপরাধীদের প্রতিরোধ ও বাধা দেওয়ার জন্য পরিকল্পনা করা কৌশলগুলো নিয়ে কাজ করা যায়।

প্রাথমিকভাবে ফোকাসের তিনটি ক্ষেত্র রয়েছে যা টাস্ক ফোর্সের কাজকে চালিত করবে। প্রথমটি হলো চার্জিং এবং আবেদনের সিদ্ধান্তগুলো বিশ্লেষণ করা এবং ডেস্ক উপস্থিতি টিকিটের ব্যবহার হ্রাস করে হেফাজতে গ্রেপ্তার করা এবং বিচারের ব্যবস্থা বৃদ্ধি করা। দ্বিতীয়টি হলো গাড়ি চুরি ও অ্যালকোহল বা মাদকের প্রভাবে গাড়ি চালানোর কারণে একে অপরের সাথে সংযুক্ত এমন মামলাগুলোর বিচারকে অগ্রাধিকার দেওয়া। অ্যালকোহল বা মাদকের প্রভাবে মোটর গাড়ি চালানোর জন্য গ্রেপ্তার অভিযান ONYC-তে 23 শতাংশ এবং NYC-তে 55 শতাংশ কম। যাইহোক, এই মামলাগুলোতে দোষী সাব্যস্ত হওয়ার হার মহামারী চলাকালীন সময়ে (অপরাধ ও অপকর্ম উভয় ক্ষেত্রেই 90 শতাংশের উপরে) উচ্চতর অবস্থায় রয়েছে তাই আমাদের গাড়ি চুরি ও ত্রুটিপূর্ণ ড্রাইভিং কৌশলগুলো আরো কার্যকরভাবে সমন্বয় করার সুযোগ রয়েছে।

ফোকাসের দ্বিতীয় ক্ষেত্রটি হলো 60-65 শতাংশ অপরাধমূলক মামলার ক্ষেত্রে নিয়ম হিসেবে কারাবাস ব্যতীত অন্যান্য শাস্তি রয়েছে যেমন পরীক্ষা, জরিমানা ও শর্তশাপেক্ষে মুক্তি। অপকর্মের ক্ষেত্রে সিটিতে জেলের সাজা অস্বাভাবিক (5 শতাংশের কম) এবং সর্বাধিক সাধারণ শাস্তি হলো জরিমানা (~80 শতাংশ)। বর্তমান VTL বিধানগুলোর ব্যবহার পুনর্মূল্যায়নের মাধ্যমে (উদাহরণস্বরূপ VTL § 510. লাইসেন্স ও নিবন্ধন স্থগিত, বাতিল ও পুনরায় প্রদান) এই মামলাগুলোর বিচারকে শক্তিশালী করার সুযোগ রয়েছে যেখান যানবাহনগুলো অন্য অপরাধের জন্য ব্যবহৃত হয়।

এই টাস্ক-ফোর্সের সমাবেশ ডেটা-চালিত প্রয়োগকারী অনুশীলনের বিষয়ে মনযোগ প্রদান করবে যা এই অপরাধীদের বিচারের আওতায় নিয়ে আসতে এবং তাদের জবাবদিহি করার জন্য আমাদের ব্যবস্থাপনায় প্রসিকিউশন সম্পর্কিত সরঞ্জাম ব্যবহার করে।

Hyundai ও Kia মালিকদের অবহিত করার জন্য একটি শক্তিশালী পাবলিক এনগেজমেন্ট ক্যাম্পেইন ও ওয়ার্ক ডিলারসমূহ বাস্তবায়ন

গভর্নর হোকল চুরির চন্য সবচেয়ে সংবেদনশীল Kia ও Hyundai গাড়ির মালিকদের লক্ষ্য করে তাদের জন্য সাবধানতা অবলম্বন করতে এবং চুরি বিরোধী ব্যবস্থা স্থাপন করতে উৎসাহিত করতে পাবলিক এনগেজমেন্ট ক্যাম্পেইন শুরু করেছেন। এর মধ্যে স্টেটের মোটর গাড়ি বিভাগ গাড়ির মালিকদের সাথে সরাসরি যোগাযোগ করবে এবং তাদের গাড়িতে বিনামূল্যে নতুন সফটওয়্যার আপগ্রেড পেতে উৎসাহিত করবে; চিঠিটি পড়ন এখানে। এছাড়াও গভর্নর হোকল অটো ডিলার সংগঠনগুলোকে চিঠি লিখে স্টেটজুড়ে ঝুঁকিপুর্ণ যানবাহনগুলোর মেরামত ও সংস্কারকে অগ্রাধিকার দিতে বলেন; চিঠিটি পড়ুন এখানে।

রচেস্টারের মেয়র মালিক ডি. ইভান্স বলেন, "যদিও আমরা বন্দুক সহিংসতার বিষয়ে বিজয় ঘোষণা করা থেকে অনেক দূরে রয়েছি, গভর্নর হোকল এই বিষয়ে যে মনোযোগী নেতৃত্ব নিয়ে এসেছেন তা এমন ফলাফল তৈরি করছে যা আমাদের দেখায় যে আমাদের কৌশলগুলো কাজ করছে। সুতরাং গাড়ি চুরির বিষয়ে গভর্নরকে এই ধরনের নেতৃত্বের নির্দেশ দেওয়া স্বাগত খবর

এবং আমার কোনো সন্দেহ নেই যে এটি ঠিক সেই অনুযায়ী কার্যকর হবে। এই গুরুত্বপূর্ণ বিষয়ে তার সহায়তার জন্য আমি কৃতজ্ঞ যা আমাদের আশা জাগানোর মাধ্যমে একটি নিরাপদ, ন্যায় সঙ্গত ও সমৃদ্ধ রচেস্টার তৈরি করতে এবং সবার জন্য সুযোগ প্রদান করতে সহায়তা করছে।"

মনরো কাউন্টির নির্বাহী অ্যাডাম বেলো বলেন, "মনরো কাউন্টির জুভেনাইল এনহান্সড ডাইভার্সন স্ট্যাবিলাইজেশন প্রোগ্রাম (Juvenile Enhanced Diversion Stabilization program, JEDS) এর আগে, গ্রেপ্তার হওয়া প্রতি তিনজন কিশোরের মধ্যে একজন আদালতে হাজির হওয়ার আগে আপরাধের পুনরাবৃত্তি করেছে। JEDS এর অধীনে এই কর্মসূচিতে যারা অংশগ্রহণ করছেন তাদের মধ্যে মাত্র ছয় শতাংশ কিশোর অপরাধের পুনরাবৃত্তি করেছে। কর্মসূচির সাফল্যকে স্বীকৃতি দেওয়ার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ। JEDS এ গভর্নরের বিনিয়োগ আমাদের কিশোর ও তাদের পরিবারগুলোর জন্য পরিষেবা সম্প্রসারণ করতে এবং অপরাধমূলক আচরণের চক্রকে বাধা দেওয়ার অনুমতি প্রদান করবে।"

রচেস্টার পুলিশের প্রধান ডেভিড এম. স্মিথ বলেন, "যখন রচেস্টারে সহিংসতা নিম্নমুখী হচ্ছে, সেক্ষেত্রে যাওয়ার জন্য আমাদের কাছে একটি উল্লেখযোগ্য উপায় রয়েছে। আমাদের স্টেট অংশীদারদের কাছ থেকে যে সহায়তা ও সমর্থন পেয়েছি আমি সেগুলোর প্রশংসা করি এবং যারা আমাদের কমিউনিটিতে সহিংসতা নিয়ে আসে তাদের জন্য আমাদের সমন্বয় সম্প্রসারণের জন্য অপেক্ষায় রয়েছি।"

মনরো কাউন্টির শেরিফ টড কে. বাক্সটার বলেন, "রিজিওনাল ইনভেস্টিগেটিভ অপারেশনস সেন্টার নির্মাণে সহায়তা করার ক্ষেত্রে প্রযুক্তি বৃদ্ধিতে গভর্নর হোকলের সাহায্যের প্রশংসা করি। জননিরাপত্তা বৃদ্ধির ক্ষেত্রে কার্যকরী ও আইনী উভয় ক্ষেত্রেই পরিবর্তনের বিষয়ে আলোচনা চালিয়ে যাওয়ার জন্য গভর্নরের অফিসে টেবিলে আলোচনার সুযোগের জন্য আমি কৃতজ্ঞ।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন